



ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।



বিআরপিডি সার্কুলার লেটার নং - ১৭

০৯ জ্যৈষ্ঠ ১৪২৯

তারিখ : -----

২৩ মে ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ব্যাংক-কোম্পানীর কর্মকর্তা-কর্মচারীগণের বহিঃবাংলাদেশ ভ্রমণ সীমিতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং ১৬ তারিখ ২২ মে ২০২২ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত সার্কুলার লেটারের মাধ্যমে বহিঃবাংলাদেশ ভ্রমণে কতিপয় ক্ষেত্রে বিধিনিষেধ আরোপকালে ব্যক্তিগত বহিঃবাংলাদেশ ভ্রমণের উপরেও বিধিনিষেধ আরোপ করা হয়। বিশেষ প্রয়োজনে ব্যক্তিগত বহিঃবাংলাদেশ ভ্রমণ অত্যাবশ্যক হয় বিধায় নিজস্ব অর্থায়নে এরূপ ব্যক্তিগত বহিঃবাংলাদেশ ভ্রমণ উক্ত নিষেধাজ্ঞার আওতাবহির্ভূত থাকবে।

০৩। এতদ্ব্যতীত, নিম্নোক্ত ক্ষেত্রসমূহ উক্ত সার্কুলার লেটারে বর্ণিত নির্দেশনার আওতাভুক্ত হবে না-

৩.১। ১৪৪৩ হিজরী/২০২২ সালের পবিত্র হজ পালন এবং বিশেষজ্ঞ চিকিৎসকের সুপারিশ থাকা সাপেক্ষে জরুরি চিকিৎসার জন্য বিদেশ গমন;

৩.২। ব্যাংকে কর্মরত বিদেশী নাগরিকের নিজ দেশে গমন ও বিদেশী ব্যাংকের বাংলাদেশস্থ শাখায় কর্মরত কর্মকর্তাদের প্রধান কার্যালয়ে গমন; এবং

৩.৩। বিদেশী আয়োজক সংস্থার সম্পূর্ণ অর্থায়নে পরিচালিত প্রশিক্ষণ/সভা/সেমিনার/ওয়ার্কশপ/স্টাডি ট্যুর এ অংশগ্রহণ।

০৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলী আকবর ফরাজী)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০০৯৫